# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস
### ৭২তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ০৯ অক্টোবর ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৩ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১ ঃ* গত ১৮ সেপ্টেম্বর ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৭১তম সভার কার্যবিবরণী বিস্তারিতভাবে আলোচনা করা হয়। কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) প্রস্তাব করেন এবং ডাঃ পারভীন হক চৌধুরী তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-০২ ঃ* বারিধারা ডিওএইচএস প্লট নং ৩৬৬/১, সড়ক নং ০৬ এর ৪র্থ তলার ফ্ল্যাটক্রেতা মিসেস ইশরাত জান্নাত, প্লট মালিক লেঃ কর্ণেল মোঃ সাইদুল হক, পিএসসি (অবঃ) এর নিকট হতে ২৩ ডিসেম্বর ২০১০ সালে ১ কোটি ৮৮ লক্ষ টাকার বিনিময়ে একটি unfinished ফ্ল্যাট ক্রয় করেন। ক্রয়কৃত ফ্ল্যাটটির রেজিষ্ট্রেশন প্রক্রিয়া শুরু করার ব্যাপারে সহায়তা প্রদানের জন্য ফ্ল্যাটক্রেতা মিসেস ইসরাত জান্নাত অত্র পরিষদের সভাপতি বরাবর একটি আবেদন করেন। এ ব্যাপারে আরবিট্রেশন কমিটি একটি সভার আয়োজন করলে প্লট মালিক অন্য পক্ষের উপস্থিতিতে উক্ত সভায় অংশগ্রহন করতে অপারগতা প্রকাশ করেন যার প্রেক্ষিতে আলাদা আলাদাভাবে ২টি সভা অনুষ্ঠিত হয় এবং সভায় উভয়পক্ষের বক্তব্য শোনা হয়। ফ্ল্যাটক্রেতা ফ্ল্যাট ক্রয় বাবদ ১ কোটি ৭০ লক্ষ টাকা প্লট মালিককে প্রদান করেছেন এবং বাকী ১৮ লক্ষ টাকা বায়না চুক্তি অনুযায়ী রেজিষ্ট্রেশনের সময় প্রদান করবেন। রেজিষ্ট্রেশনের ব্যাপারে এ পর্যন্ত প্লট মালিক কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণ না করায় প্রায় দ্বিগুন টাকা রেজিষ্ট্রেশন বাবদ খরচ করতে হবে বিধায় ফ্ল্যাটক্রেতাকে বেশ উদ্বিগ্ন দেখা যায়। অন্যদিকে প্লট মালিক কর্তৃক নূতন করে একটি Agreement এ স্বাক্ষরের প্রস্তাব দেয়ায় এবং ফ্ল্যাটক্রেতা উক্ত Agreement নিস্প্রয়োজন মনে করায় মূলত জটিলতা সৃষ্টি হয়। উভয় পক্ষের সাথে আলোচনা করে অত্র পরিষদ কর্তৃক চূড়ান্ত দলিলে অর্ন্তভূক্তের জন্য একটি ইজমেন্ট স্বত্ব তৈরী করে উভয়পক্ষের নিকট প্রেরণ করা হলে প্লট মালিক পত্রের মাধ্যমে ক্ষুব্দ প্রতিক্রিয়া ব্যক্ত করেন, পরিষদ কর্তৃক ফ্ল্যাট মালিককে Undue favour করার প্রচেষ্টা নেয়া হচ্ছে মর্মে অভিযোগ করেন এবং ফ্ল্যাট বিক্রয় না করার অভিপ্রায় ব্যক্ত করেন। তবে তিনি পরিষদের আরবিট্রেশন কমিটির প্রতি তাঁর পূর্ণ আস্থা জ্ঞাপন করেন। এ ধরনের পরিস্থিতিতে নির্বাহী কমিটির সভায় সকল নির্বাহী সদস্যদের উপস্থিতিতে রেজিষ্ট্রেশন প্রক্রিয়া শুরু করার ব্যাপারে আলোচনার জন্য উভয়পক্ষকে উপস্থিত হতে অনুরোধ করা হলে ফ্ল্যাটক্রেতা উপস্থিত থাকলেও প্লট মালিক উপস্থিত হননি। তিনি তৃতীয় পক্ষের হস্তক্ষেপ ছাড়াই সেনা সদরের ফরমেট অনুযায়ী রেজিষ্ট্রেশন প্রক্রিয়া শুরু করবেন মর্মে পরিষদকে অবহিত করেন। তবে কখন তিনি শুরু করবেন তা উল্লেখ করেননি। নির্বাহী কমিটির সভায় ফ্ল্যাটক্রেতার উপস্থিতিতে বিস্তারিত আলোচনা হয় এবং নির্বাহী কমিটির সদস্য ও আরবিট্রেশন কমিটির সদস্য ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) দ্রুত রেজিষ্ট্রেশন প্রক্রিয়া শুরু হবে এ রকম আশাবাদ ব্যক্ত করেন এবং তিনি ব্যক্তিগত ভাবে উভয় পক্ষের সাথে যোগাযোগ রেখে রেজিষ্ট্রেশনের কাজটি এগিয়ে নেয়ার দায়িত্ব নেন। পরবর্তী ১ মাসের মধ্যে রেজিষ্ট্রেশনের ব্যাপারে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত না হলে আবেদনকারীর আবেদনটি পরিষদ পর্যায়ে না রেখে সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে বিস্তারিত বর্ণনাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কার্যক্রমের জন্য তাঁদের দপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ আরবিট্রেশন কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* বর্তমান কমিটির সকল সদস্য প্রতিটি ব্যাপারে বিস্তারিত আলোচনা/সমলোচনা ও ঐক্যমতের ভিত্তিতে সম্মিলিতভাবে বারিধারা ডিওএইচএস এর সকল বাসিন্দাদের নাগরিক সুবিধা বৃদ্ধি ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে বিরামহীন কাজ করে যাচ্ছে। সকল সম্মানিত সদস্যকে তাঁর উপরে অর্পিত | সভাপতি/ সেক্রেটারী |

| | |
|---|---|
| দায়িত্ব সঠিক ও সুচারুভাবে পালনের জন্য অনুরোধ করা হয়েছে। বর্তমান কমিটির ভাবমূর্তি ক্ষুন্ন হতে পারে এধরনের নিজস্ব ধারনা বাস্তবায়িত করার পূর্বে নির্বাহী কমিটি এবং সভাপতির সাথে আলোচনা করার জন্য অনুরোধ করা হলো। সকল সদস্যের অবদান ডিওএইচএস বারিধারার সার্বিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে এবং তা চলমান রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। | |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ*** বারিধারা ডিওএইচএস এলাকার বাড়ী থেকে পুরাতন কাগজ, অকেজো জিনিসপত্র ক্রয়ের ঠিকাদারকে ১২টি পরিচয় পত্র প্রদান করা হয়েছে। যেহেতু তারা এ জন্য পরিষদকে উল্লেখ্যযোগ্য পরিমান অর্থ প্রদান করে থাকে তাই তাঁদেরকে নির্বিঘ্নে ক্রয় কার্যক্রম চালানোর বিষয়টি আলোচনা হয়। | মেম্বার<br>এন্ড এ |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের পুরাতন স্যুয়ারেজ লাইন ভেংগে নতুন লাইন করার জন্য নোট শীট-১৯৮ তারিখ ০১ অক্টোবর ২০১৩ সভায় অনুমোদিত হয়। | সেক্রে<br>মেম্বার<br>এন্ড এ |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ*** বারিধারা ডিওএইচএস খেলার মাঠে ক্রিকেট ও বাস্কেটবল খেলার জন্য বহিরাগতদের অনুরোধ বিবেচনা না করার সিদ্ধান্ত হয়। খেলার মাঠটি শুধুমাত্র বারিধারা ডিওএইচএস এ বসবাসকারী বাসিন্দাগণ ব্যবহার করতে পারবেন। বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে স্বল্পসময়ের জন্য গেমস্ ও স্পোর্টস সাব কমিটির কনভেনারের সাথে আলোচনা করে পরিষদ সভাপতি অনুমতি প্রদানের বিষয়টি বিবেচনা করতে পারবেন। | স্পোর্ট<br>কালচ<br>সাব-ক |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ*** ইতিমধ্যে বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে গ্যাস লাইন সংযোগের জন্য ৩টি কোটেশন পাওয়া যায়। এর মধ্যে কমিটি কর্তৃক যাচাই বাছাইপূর্বক সর্বনিম্ন দরদাতাকে গ্যাস লাইন সংযোগের কার্যাদেশ প্রদান করতঃ কাজটি ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | কর্ণেল<br>ফয়সা<br>ক্যাপ্টে<br>(বিএন<br>এম আ |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৮ ঃ*** বারিধারা ডিওএইচএস এলাকায় ফিটনেস সেন্টার নির্মাণের জন্য গঠিত বোর্ডের সভাপতি ও সদস্যগণ কর্তৃক যাচাই বাছাইপূর্বক যাবতীয় কাগজপত্র ও নকশা এবং লে-আউট সকল সদস্যের অবগতির জন্য উপস্থাপন করা হয় এবং নীতিগত ভাবে অনুমোদিত হয়। প্রকল্পের কাজ শুরু করার পূর্বে সাধারণ সভায় উপস্থাপন করে ডিওএইচএস এর সম্মানিত সদস্যদের অনুমোদন গ্রহণ করতে হবে। | ফিটনে<br>সেন্টার |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ*** বারিধারা ডিওএইচএস জামে মসজিদে পবিত্র ঈদ-উল-আয্হার প্রথম জামাত সকাল ০৭০০ ঘটিকায় এবং দ্বিতীয় জামাত সকাল ০৮০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সভায় সকল সদস্য একমত পোষন করেন। | মসজিদ<br>কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০ ঃ*** বারিধারা ডিওএইচএস মসজিদের সামনে অগ্রাধিকার ভিত্তিতে Cantilever নির্মাণ করার জন্য "The Pulse Compact Consortium" সাথে যোগাযোগ করতঃ যাবতীয় খরচের বিবরণ আগামী ইসি সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদ<br>কমিটি |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১ ঃ*** বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে রান্না ঘরের গরম বাতাস/ধোঁয়া উপরের দিকে বাহির হওয়ার জন্য চিমনি নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্মাণ কাজটি চলামান রয়েছে। | কনভেন<br>সেন্টার |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩ ঃ*** EC কর্তৃক গঠিত Purchase Committee পরিষদের প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়ে তেমন কোন ভূমিকা রাখছে না বিধায় সকল সম্মানিত সদস্যদের সম্মতি ক্রমে উহা বিলুপ্ত করা হলো। | সভাপতি<br>সেক্রেটা |
| ***আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪ ঃ*** বারিধারা ডিওএইচএস পরিষদ এর একজিকিউটিভ কমিটির সকল সদস্যদের মোবাইল কার্ড এর সংখ্যা বৃদ্ধির ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং সকল সদস্যসের সম্মতিক্রমে উপস্থাপিত নোট শীট-২০১ তারিখ ০২ অক্টোবর ২০১৩ অনুমোদিত হয় যা ১লা নভেম্বর ২০১৩ হতে কার্যকরী হবে। | ট্রেজারার |

৪।  সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২৯ অক্টোবর ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ২৯ অক্টোবর ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য